



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: Chairmanbisesyl@gmail.com



(একই তারিখে ও স্মারকে স্থলাভিষিক্ত)

সংশোধিত বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: সিনিবো/প্রশা/২০২১/২৪৯৭

তারিখ: ২৬/০৭/২০২১ খ্রি।

বিষয়ঃ বোর্ডের বিভিন্ন ধরনের আর্থিক লেন-দেন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সোনালী ব্যাংকের অনলাইন শাখায় একাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বোর্ডের সকল ধরনের আর্থিক লেন-দেন সোনালী ব্যাংকের মাধ্যমে করা হয়। বোর্ডের বিভিন্ন ধরনের ফি সংগ্রহ এবং যে কোনো ধরনের আর্থিক লেন-দেন সহজে ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের নামে সোনালী ব্যাংকে একাউন্ট থাকা একান্ত জরুরী হয়ে পড়েছে। এক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকের একাউন্ট করেছেন, সে সকল প্রতিষ্ঠানের নতুন করে একাউন্ট করার প্রয়োজন নেই। তবে একাউন্টের নাম অবশ্যই EIIN অনুযায়ী কলেজের ইংরেজি নামে হতে হবে। বোর্ডের ওয়েবসাইটে কলেজের নাম যেভাবে ইংরেজিতে আছে হুবহু সেভাবেই একাউন্টের নাম হতে হবে অন্যথায় একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না। তবে একাউন্ট করা থাকলে হুবহু কলেজের নামে ব্যাংকের মাধ্যমে তা সংশোধন করা যাবে।

এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট নেই তাদেরকে অতি সত্বর সোনালী ব্যাংকে একাউন্ট খুলতে হবে এবং যেসকল প্রতিষ্ঠানের পূর্বেই প্রতিষ্ঠানের হুবহু ইংরেজি নামে একাউন্ট আছে উভয় ধরনের প্রতিষ্ঠানকে আগামী ১০ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত প্যানেলের মাধ্যমে একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, সোনালী ব্যাংক একাউন্ট খোলার ব্যাপারে সার্বিক সহযোগিতা করবে।

বিষয়টি অতীব জরুরী।

অধ্যক্ষ

বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের
সকল শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যানের আদেশক্রমে

(মোঃ মোস্তফা কামাল আহমদ)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।